

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
পরিকল্পনা শাখা-৩

নং . ৩৭.০০.০০০০.১২৩.১৪.০১৫.১৬-১৩৬

তারিখ: ৩০ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
১৩ জুন ২০১৭ খ্রিস্টাব্দ

প্রেরক: মোহাম্মদ রফিকুল ইসলাম
সিনিয়র সহকারী প্রধান


প্রাপক: প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
শিক্ষা মন্ত্রণালয়, ৪৫ পুরানা পল্টন, ঢাকা।

বিষয়: “সেকেন্ডারী এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাক্সেস এনহান্সমেন্ট (৩য় সংশোধিত)” প্রকল্প কোড নং ৫৬২০) শীর্ষক প্রকল্পের অনুকূলে অগ্রিম উত্তোলনের সম্মতি প্রদান।

উপর্যুক্ত বিষয়ে নির্দেশক্রমে জানানো যাচ্ছে যে, “সেকেন্ডারী এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাক্সেস এনহান্সমেন্ট প্রজেক্ট (৩য় সংশোধিত)” শীর্ষক প্রকল্পের অনুকূলে ২০১৬-২০১৭ অর্থবছরের আর.এ.ডি.পি.পি. বরাদ্দ হতে ১ম-৪র্থ কিস্তিতে ছাড়কৃত অর্থ থেকে জানুয়ারি-জুন/২০১৭ প্রান্তিকের পি.এম.টি. বেইজ উপবৃত্তি, টিউশন ফি বাবদ ৫-২৫৩১-৫৬২০-৫৯৫১ কোডে ৫০০৩.০০ লক্ষ (পঞ্চাশ কোটি তিন লক্ষ) টাকা এবং ই.এ.সি.এম., এস.এম.এ. ও ইনসেটিভ এওয়ার্ড বাবদ ৫-২৫৩১-৫৬২০-৪৮৩৩ ও ৪৮৪৮ কোডে ২৯৬.৭৫ লক্ষ (দুই কোটি ছিয়ানব্বই লক্ষ পঁচাত্তর হাজার) টাকাসহ মোট ৫২৯৯.৭৫ লক্ষ (বায়ান্ন কোটি নিরানব্বই লক্ষ পঁচাত্তর হাজার) টাকা অগ্রিম উত্তোলনে প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তার কার্যালয় ও অর্থ বিভাগের সম্মতির প্রেক্ষিতে নিম্নোক্ত শর্তে সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তসমূহ:

- ক. এই ব্যয় ২০১৬-২০১৭ অর্থবছরের উন্নয়ন বাজেটের মঞ্জুরী নং ২১, শিক্ষা মন্ত্রণালয় হিসাবের খাত ২৫/২৫৩১/৫৬২০ শিক্ষা মন্ত্রণালয়ের আওতায় “সেকেন্ডারী এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাক্সেস এনহান্সমেন্ট (৩য় সংশোধিত)” শীর্ষক প্রকল্প তহবিল হতে বহন করা হবে;
- খ. অগ্রিম উত্তোলিত অর্থ ব্যয়ের ক্ষেত্রে প্রচলিত সরকারি আর্থিক বিধি-বিধান ও নিয়মাচার যথাযথভাবে অনুসরণ করতে হবে;
- গ. অগ্রিম উত্তোলিত অর্থ বিল/ভাউচারের মাধ্যমে পরবর্তী অগ্রিম উত্তোলনের পূর্বে অথবা ৩০শে জুন ২০১৭ তারিখের মধ্যে (যা আগে আসে) সমন্বয় করতে হবে;
- ঘ. অব্যয়িত অর্থ (যদি থাকে) ৩০শে জুন ২০১৭ তারিখের মধ্যে অবশ্যই ড্রেজারী চালানোর মাধ্যমে সরকারি কোষাগারে জমা দিতে হবে;
- ঙ. এই অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন ধরনের অনিয়ম উদঘাটিত হলে সেক্ষেত্রে বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন;
- ২। অর্থ বিভাগের অফিস স্মারক নং ০০৭.১০২.০২০.২৫.৩১.০০৬.২০০৯-৩৭০, তারিখ ১৩/০৬/২০১৭ এ প্রদত্ত সম্মতির প্রেক্ষিতে এই আদেশ জারি করা হলো।


২৬/৬/২০১৭
মোহাম্মদ রফিকুল ইসলাম
সিনিয়র সহকারী প্রধান
ফোন: ৯৫৪০৬১৪।

অনুলিপি: প্রয়োজনীয় কার্যার্থে:

- ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
- ৩। প্রকল্প পরিচালক, সেকেন্ডারী এডুকেশন কোয়ালিটি অ্যান্ড অ্যাক্সেস এনহান্সমেন্ট প্রজেক্ট (৩য় সংশোধিত), শিক্ষা ভবন, ঢাকা।
- ৪। যুগ্ম-প্রধান, শিক্ষা উইং, আর্থ সামাজিক অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশন, শের-ই-বাংলা নগর, ঢাকা।
- ৫। সিনিয়র সহকারী সচিব, বাজেট-২ শাখা, অর্থ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আই.সি.টি. সেল, মা.উ.শি. বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৭। সচিব মহোদয়ের একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।